দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 05 FEB 2016...
পৃষ্ঠা ...১-১৬ কলাম ....১-৬...

# প্রশ্ন ফাঁসের গুজব ছড়ালে ১৪ বছর জেল, কোটি টাকা জরিমানা

**জনকণ্ঠ ডেস্ক** ॥ ফেসবুকের মাধ্যমে এসএসসি পরীক্ষার প্রশ্ন ফাঁসের গুজব ছড়ালে আইসিটি আইনে ১৪ বছর পর্যন্ত জেল এবং এক কোটি টাকা পর্যন্ত অর্থদণ্ড হবে বলে জানিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। খবর বিডিনিউজ ও বাংলানিউজের। চলমান এসএসসি ও সমমানের পরীক্ষা চলার মধ্যে বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয় একথা জানিয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়, ফেসবুকসহ অন্য কোন ইলেক্ট্রনিক মাধ্যমে চলমান এসএসসি ও সমমানের পরীক্ষায় প্রশ্ন ফাঁসের গুজব ছড়ালে আইসিটি আইনে ১৪ বছর পর্যন্ত জেল ও এক কোটি টাকা পর্যন্ত জরিমানা হবে। এছাড়া অন্য কোনভাবে প্রশ্নপত্র ফাঁসের যে কোন ধরনের চেষ্টা চালালে পাবলিক পরীক্ষা আইনে ৪ বছর পর্যন্ত জেল ও জরিমানা করার

*(১৫ পৃষ্ঠা ৭ কঃ দেখুন)*

## প্রশ্ন ফাঁসের

*(১৬-এর পৃষ্ঠার পর)*

কথাও জানিয়ে গণমাধ্যমে বিজ্ঞপ্তি পাঠিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। শিক্ষা মন্ত্রণালয় জানায়, ফেসবুকে প্রশ্ন ফাঁস সংক্রান্ত গুজব ছড়ালে তা গোয়েন্দা (ডিবি) পুলিশকে জানানো যাবে, এজন্য ডিসি, ডিবিকে (০১৭১১৬০৫১৪৪) অভিযোগ করা যাবে।